দৈনিক ইনকিলাব

02 2002

তারিখ ... পৃষ্ঠা ৩ ... কলাম ৬

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি পাস ছাত্র-ছাত্রীরা কলেজে ভর্তি হতে পারবে
## ......ভিসি এরশাদুল বারী

রাজশাহী অফিস ঃ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি পাস করা ছাত্র-ছাত্রীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সকল কলেজে ভর্তি হতে পারবে। দেশের সকল শিক্ষা বোর্ডের এসএসসি ও এইচএসসি'র সাথে বাউবি'র এসএসসি ও এইচএসসিকে সরকার সমমান ঘোষণা করেছে। এতে করে শিক্ষার্থীদের মধ্যে লেখাপড়ার আগ্রহ আরো বৃদ্ধি পাচ্ছে। বাউবি যুগোপযোগী শিক্ষা প্রদানের মাধ্যমে দেশের প্রয়োজনে দক্ষ জনশক্তি গড়ে তুলতে চায়। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এরশাদুল বারী গত রবিবার রাতে রাজশাহী সার্কিট হাউজে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে একথা বলেন। বাউবি'র উদ্দেশ্য তুলে ধরে তিনি বলেন, দেশে দক্ষ জনশক্তি গড়ে তুলতে চাই।